

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন ১৯ ডিসেম্বর

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাবুবি) কর্তৃপক্ষ পঞ্চম সমাবর্তনের আয়োজন করেছে, যা আগামী ১৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। সমাবর্তনের মূল আয়োজন দুপুর আড়াইটা থেকে শুরু হয়ে চলবে বিকেল-সন্ধ্যা ৩টা পর্যন্ত। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ এতে সভাপতিত্ব করবেন।

গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বাউবির উপাচার্য অধ্যাপক ড. এমএ মান্নান।

তিনি আরও জানান, সমাবর্তন বক্তা হিসেবে কমনওয়েলথ অব লার্নিংয়ের (কানাডা) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী অধ্যাপক আশা কানওয়ার উপস্থিত থাকবেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান সমাবর্তনে বিশেষ অতিথি থাকবেন। দেশের অন্যতম এই পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনকে ঘিরে ক্যাম্পাসকে বর্ণিল রঙে সাজানো হচ্ছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। এতে আরও বলা হয়, গাজীপুরে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে সকল আয়োজন করা হয়েছে।

উপাচার্য জানান, এবার মোট ৫ হাজার ১২ জন গ্র্যাজুয়েটদের ডিগ্রি প্রদান করা হবে। সারাদেশের কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ, এমবিএ, বিবিএ, এমএড, বিএড, বিএ/বিএসএস, বিএজিএড, বিবিএস প্রোগ্রামের উত্তীর্ণ গ্র্যাজুয়েটরা অনুষ্ঠানে অংশ নেবেন।